

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
পরিকল্পনা বিভাগ  
সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ  
শের-ই-বাংলা নগর, ঢাকা।

নম্বর: ২০.০০.০০০০.৩০৯.০২.০৫৬.১৯

তারিখঃ ২৮ পৌষ, ১৪২৭ বঙ্গাব্দ  
১২ জানুয়ারী, ২০২১ খ্রি:

প্রাপক

ড. মুহাম্মদ ছায়েদুর রহমান  
সহযোগী গবেষক, লোকপ্রশাসন বিভাগ  
জাহাংগীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা  
মোবাইলঃ ০১৭১৬৫৪৭৬৭৪  
ই-মেইলঃ msrahman1977@juniv.edu

**বিষয়ঃ** বঙ্গবন্ধু রিসার্চ ও ডকুমেন্টেশন কার্যক্রমের অধীনে ফেলোশিপ গবেষণ কর্মের বিপরীতে আর্থিক মঞ্জুরি প্রদান।  
**সূত্রঃ** ২৮-০৮-২০১৯ খ্রিঃ তারিখের আবেদন।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানাচ্ছি যে, আপনার আবেদনকৃত Development Thought of Bangabandhu: Vision, Policy Choice and the Strategy. শীর্ষক ফেলোশিপ গবেষণা প্রস্তাবনাটি যথোপযুক্ত কমিটি কর্তৃক বিবেচিত হওয়ার পর পরিকল্পনা বিভাগের সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের পক্ষ হতে আপনাকে ফেলোশিপ ক্যাটাগরীতে গবেষণা মঞ্জুরি হিসেবে ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকা মঞ্জুরি প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ গবেষণার মেয়াদকাল কার্যকর চুক্তি স্বাক্ষরের তারিখ থেকে ২৪(চব্বিশ) মাস।

০২। **চুক্তির নিয়মাবলী:**

- ক. ফেলোশিপ ক্যাটাগরির গবেষণা সামাজিকবিজ্ঞান গবেষণা নীতিমালা এবং কর্মকৌশল-২০১৭ অনুযায়ী পরিচালিত হবে। সামাজিকবিজ্ঞান গবেষণা নীতিমালা এবং কর্মকৌশল-২০১৭ ([www.plandiv.gov.bd](http://www.plandiv.gov.bd) এবং [ssrc.portal.gov.bd](http://ssrc.portal.gov.bd)) হতে ডাউনলোড করা যাবে।
- খ. গবেষণা কার্যক্রম মনিটরিং এর লক্ষ্যে গবেষণা পরিচালনায় প্রাথমিক তথ্য সংগ্রহে প্রশ্নপত্রের উপর উত্তরদাতার নাম, ঠিকানা স্পষ্ট এবং প্রতিটি প্রশ্নপত্রে উত্তরদাতার টেলিফোন/মোবাইল নম্বর থাকতে হবে।

০৩। **চুক্তি সম্পাদনের শর্তাবলি:**

- ক) গবেষণা মঞ্জুরি প্রাপ্তির জন্য অত্র পরিষদের সাথে একটি চুক্তিনামা স্বাক্ষর করতে হবে।
- খ) ফেলোশিপ ক্যাটাগরির গবেষণার ক্ষেত্রে চুক্তিপত্র এবং জামানতনামায় স্বাক্ষর কার্যক্রম সম্পন্ন করার পর গবেষণা কার্যক্রম পরিচালনা করতে পারবেন।
- গ) গবেষণা মেয়াদকাল গণনা করা হবে চুক্তি স্বাক্ষরের তারিখ হতে অত্র পরিষদ কর্তৃক অনুমোদিত সময়কাল পর্যন্ত।
- ঘ) অনুমোদিত গবেষণা কাজের নির্দিষ্ট অগ্রগতি অর্জন সাপেক্ষে পরিষদের নীতিমালা-২০১৭ অনুযায়ী নির্দিষ্ট কিস্তিতে পরিশোধ করা হবে। গবেষণা মঞ্জুরির কোন কিস্তি অগ্রীম পরিশোধ করা হয় না।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

- ঙ) এ গবেষণা মঞ্জুরির চুক্তিনামা সম্পাদন করতে গবেষক এবং জামানতকারীর জাতীয় পরিচয়পত্রের কপিসহ সশরীরে উপস্থিত থেকে চুক্তিনামা স্বাক্ষর করতে হবে।
- চ) গবেষণা চুক্তিনামা সম্পাদন করতে গবেষকের সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে।
- ছ) এ গবেষণা মঞ্জুরির সকল লেনদেন ক্রস চেক (Cross Check) এর মাধ্যমে সম্পাদন করা হবে।
- জ) নির্ধারিত সময়কালের মধ্যে গবেষক গবেষণার চুক্তিনামা সম্পাদন করতে ব্যর্থ হলে গবেষণা প্রস্তাবনার বিপরীতে অনুমোদিত গবেষণা মঞ্জুরি বাতিল বলে গণ্য হবে।
- ঝ) চলমান গবেষণার ক্ষেত্রে নতুন করে গবেষণা মঞ্জুরি পাওয়ার বিষয়টি বাতিল বলে গণ্য হবে।
- ঞ) চুক্তিনামার সাথে কর্মপরিকল্পনা (Action Plan) দাখিল করতে হবে। কর্ম পরিকল্পনা (Action Plan) অনুযায়ী কাজিত সময়ের মধ্যে গবেষণার কাজ সম্পন্ন করতে হবে।
- ট) প্রত্যেক গবেষক গবেষণা সংশ্লিষ্ট বিল-ভাউচার নির্দিষ্ট কতগুলো হেডে (১. গবেষকের সম্মানী, ২. তথ্য সংগ্রহকারীর পারিশ্রমিক ও অন্যান্য খরচ, ৩. প্রশ্ন প্রণয়ন ও ফটোকপি, ৪. যাতায়াত ভাতা, ৫. তথ্য বিশ্লেষণ, ৬. মুদ্রণ ও বাধাইকরণ, ৭. বই/জার্নাল ফটোকপি/ক্রয় ৮. সরঞ্জামাদি ক্রয়, ৯. স্টেশনারী মালামাল ক্রয়, ১০. ল্যাবরেটরী ব্যয় ও অন্যান্য বিল-ভাউচার সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট জমাদান করতে হবে। যাবতীয় বিল-ভাউচার পরিষদের টপসিটে প্রণয়ন করতে হবে।

- ০৪। এমতাবস্থায়, আগামী ২৫-০১-২০২১ খ্রি: তারিখ সকাল ১০:০০ ঘটিকায় পরিষদের সাথে চুক্তিপত্র স্বাক্ষর করার নিমিত্ত পরিষদের কার্যালয়ে (রকম#০৬, কক্ষ#২০) উপস্থিত থাকার জন্য বিনীত অনুরোধ জানাচ্ছি। চুক্তিপত্র (চুক্তিনামা ৩০০/- + জামানতনামা ৩০০/-) ৬০০/- (ছয়শত) টাকার স্ট্যাম্প এবং পরিশিষ্ট-ক (গবেষণা প্রস্তাবনা+ বাজেটের টপসিট+ কর্মপরিকল্পনা) কার্ট্রিজ পেপারে প্রিন্ট করে নিয়ে আসতে হবে। গবেষক এবং জামানতকারীর প্রত্যেকের ০২ (দুই) কপি করে মোট ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের ছবি নিয়ে আসতে হবে। এ বিষয়ে কোন ডিএ/টিএ প্রদান করা হবে না।

সংযুক্তিঃ ক) চুক্তিনামা ও জামানতনামার নমুনা কপি।

আন্তরিকভাবে আপনার




মোঃ হাবিবুর রহমান

সহকারী সচিব

ফোন-৯১৮০৭৮৫।

নম্বর: ২০.০০.০০০০.৩০৯.০২.০৫৬.১৯




তারিখঃ

২৮ পৌষ, ১৪২৭ বঙ্গাব্দ

১২ জানুয়ারী, ২০২১ খ্রি:

সদয় অবগতির জন্য অনুলিপি:

- ০১। অতিরিক্ত সচিব (এসএসআরসি), পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
- ০২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
- ০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইটিসেল, পরিকল্পনা বিভাগ, (পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৪। গবেষণা অনুসন্ধানি, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ, (এসএসআরসি-এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। অফিস কপি।



মোঃ হাবিবুর রহমান

সহকারী সচিব

ফোন-৯১৮০৭৮৫

মোবাইলঃ ০১৫৫২৩৫৪৯৮৪